151

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 3-0-DEC 1997 ...
পৃষ্ঠা ২১ কলাম ৬

# ছাত্রদলের ভিসি অফিস ঘেরাও কর্মসূচী পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদল কেন্দ্রীয় সংসদের উদ্যোগে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অফিস ঘেরাও কর্মসূচী পালন করা হয়। পুলিশ ও ছাত্র লীগের সন্ত্রাস, এফ রহমান হলে ছাত্রলীগ কর্মীদের হাতেশিক্ষক লাঞ্ছিত হওয়া, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক দলীয়করণ, অবৈধ শিক্ষক নিয়োগসহ বর্তমান সরকারের পার্বত্য

(১৫শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলের ভিসি অফিস

(শেষ পৃঃ পর)

চট্টগ্রাম কালোচুক্তির পক্ষে 'দালালি'র প্রতিবাদে এই ঘেরাও পালন করা হয়। দুপুর ১২টা হইতে এক ঘন্টার ঘেরাও চলাকালে অনুষ্ঠিত সমাবেশে দলের সভাপতি শহীদউদ্দীন চৌধুরী এ্যানি বলেন, ক্যাম্পাসে ছাত্রলীগের বহিরাগত ক্যাডারদের দৌরাত্ম্যে সাধারণ ছাত্রদের নাভিশ্বাস দশা। সরকারের পোশাকী সন্ত্রাস ও বহিরাগত সন্ত্রাসীদের প্রশ্রয়দানকারী দালাল ভিসি'র ঢাকা বিশ্ববিদ্যালয়ের পবিত্র আমানত বিনষ্ট করার কোন এখতিয়ার নাই।

সাধারণ সম্পাদক হাবিব উননবী সোহেল বলেন, সকল গেট বন্ধ করিয়া পুলিশী প্রহরা বসাইয়া ঢাকা বিশ্ববিদ্যালয়কে কিণ্ডার গার্টেন বানাইয়া শুধুমাত্র ছাত্রদল নেতা-কর্মীদের নিপীড়ন করিয়া একচোখা দানবের মত আচরণ করিলে গদি রক্ষা করা যাইবে না। সমাবেশে আরও বক্তব্য রাখেন ছাত্রনেতা নাসির উদ্দিন পিন্টু, আঃ খালেক, মোশাররফ হোসেন, মনোয়ার হোসেন, সাহাবুদ্দিন লাল্টু, হেলেন জেরিন খান, মনির হোসেন, নাসির উদ্দিন অসীম, সাইফুল আলম নীরব, সেলিমুজ্জামান সেলিম প্রমুখ।

### নিন্দা

ছাত্রদল সভাপতি শহীদউদ্দিন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিবউন নবী সোহেল গতকাল এক বিবৃতিতে ইসলামী ঐক্যজোটের লং মার্চে বর্বরোচিত হামলার নিন্দা জানাইয়াছে। বিবৃতিতে বলা হয়, এই স্বৈরাচারী ফ্যাসিষ্ট সরকারী নির্যাতন চালাইয়া কালো চুক্তি বিরোধী আন্দোলন স্তব্ধ করিতে পারিবে না।